



হরমুজ প্রণালি খুলতে ইরানকে ট্রাম্পের ৪৮ ঘণ্টার আল্টিমেটাম



ডোনাল্ড ট্রাম্প | ছবি: সংগৃহীত

৪৮ ঘণ্টার মধ্যে হরমুজ প্রণালিতে স্বাভাবিক ও নির্বিঘ্ন নৌযান চলাচল নিশ্চিত না হলে ইরানের বিদ্যুৎ স্থাপনাগুলোতে হামলার হুমকি দিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

শনিবার (২১ মার্চ) নিজের সামাজিক যোগাযোগমাধ্যম ট্রুথ সোশ্যাল—এ দেওয়া এক পোস্টে তিনি এ সতর্কবার্তা দেন। ট্রাম্প বলেন, নির্ধারিত সময়ের মধ্যে ইরান যদি হরমুজ প্রণালি পুরোপুরি খুলে না দেয় এবং সেখানে কোনো ধরনের নিরাপত্তা ঝুঁকি বজায় থাকে, তবে যুক্তরাষ্ট্র ইরানের একাধিক বিদ্যুৎকেন্দ্রে হামলা চালাবে। তিনি আরও উল্লেখ করেন, অভিযানের গুরু হবে সবচেয়ে বড় বিদ্যুৎকেন্দ্র লক্ষ্য করে।

তবে কোন স্থাপনাকে ‘সবচেয়ে বড়’ বলা হয়েছে, সে বিষয়ে বিস্তারিত জানাননি ট্রাম্প। তার বেঁধে দেওয়া সময়সীমা শেষ হবে সোমবার রাতে, যুক্তরাষ্ট্রের স্থানীয় সময় অনুযায়ী। এদিকে ট্রাম্পের হুমকির জবাবে ইরান পাল্টা সতর্কবার্তা দিয়েছে। দেশটি জানিয়েছে, মধ্যপ্রাচ্যে যুক্তরাষ্ট্র ও ইসরায়েল—সংশ্লিষ্ট জালানি অবকাঠামো এবং পানি স্থাপনাগুলোকে লক্ষ্য করে হামলা চালানো হতে পারে।

উল্লেখ্য, এই কঠোর অবস্থান নেওয়ার মাত্র একদিন আগেই ট্রাম্প ইঙ্গিত দিয়েছিলেন যে, মধ্যপ্রাচ্যে মার্কিন সামরিক উপস্থিতি কমানোর বিষয়টি বিবেচনায় রয়েছে। হরমুজ প্রণালিতে জাহাজ চলাচল স্বাভাবিক করার পরিকল্পনা নিয়ে প্রশ্ন করা হলে তখন তিনি সরাসরি কিছু না বলে মন্তব্য করেছিলেন, নির্দিষ্ট সময় এলেই পরিস্থিতি স্বাভাবিক হয়ে যাবে।